



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২
www.ispr.gov.bd
সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ৩০-০৪-২০২৩

ভারত সফর শেষে দেশে ফিরলেন সেনাবাহিনী প্রধান

ঢাকা, ৩০ এপ্রিল ২০২৩ : ভারত সফর শেষে আজ রবিবার (৩০ এপ্রিল ২০২৩) দেশে ফিরেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি। সফরকালে তিনি ভারতের চেন্নাই এ অবস্থিত অফিসার্স ট্রেনিং একাডেমিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ সমাপনী প্যারেডের অভিবাদন গ্রহণ ও মনোজ্ঞ কুচকাওয়াজ পরিদর্শন করেন।

এই সফরে বাংলাদেশ সেনাবাহিনী প্রধান ভারতের চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, ভারতের সেনাবাহিনী প্রধান জেনারেল মনোজ পাণ্ডে, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল আর হরি কুমার, ভাইস চিফ অফ এয়ার স্টাফ এয়ার মার্শাল এপি সিং, প্রতিরক্ষা সচিব গিরিধর আরামনে এবং পররাষ্ট্র সচিব বিনয় মোহন কাত্রা এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে দুই দেশের সেনাবাহিনীর মধ্যে প্রশিক্ষণ, সন্ত্রাসবাদ বিরোধী পারস্পরিক সহায়তা এবং দ্বিপাক্ষিক সহযোগিতার মধ্যে কৌশলগত অংশীদারিত্বের বিষয়ে আলোচনা হয়।

সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ এর এই সফরের মধ্য দিয়ে ভারত ও বাংলাদেশ সেনাবাহিনীর মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার হবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮